# সকল বোর্ড-২০১৫

## ফিন্যান্স ও ব্যাংকিং

বিষয় কোড : ১ ৫ ২

সময়— ২ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান— ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ২টি করে প্রশ্ন নিয়ে মোট ৬টি প্রশ্নের উত্তর দাও।]*

### ফিন্যান্স অংশ

১.▶কমল 'চন্দ্র ব্যাংক'-এর একটি সঞ্চয়ী স্কিমে প্রতি বছর ২৪,০০০ টাকা করে জমা রাখেন যার মেয়াদ ৫ বছর এবং সুদের হার ১০%। তাঁর ব্যাংকার বন্ধু তাঁকে পরবর্তীতে সমমেয়াদে ও সমহারে প্রতি মাসে ২,০০০ টাকা করে সঞ্চয় স্কিমে জমা করার পরামর্শ দেন।

ক. ভোক্তা ঋণ কী? ১

খ. অর্থের সময়মূল্যের মূল কারণ ব্যাখ্যা করো। ২

গ. মেয়াদ শেষে কমল 'চন্দ্র ব্যাংক' থেকে কত টাকা পাবেন? নির্ণয় করো। ৩

ঘ. কমলের জন্য বন্ধুর পরামর্শ গ্রহণ করা যুক্তিসংগত হবে কিনা? – সিদ্ধান্ত দাও। ৪

২.▶স্বল্পশিক্ষিত চম্পা সেলাইয়ের কাজ শিখে দর্জি ব্যবসায়ের প্রতি উৎসাহিত হলো। সেলাই মেশিন কেনার জন্য সে সরকারি আর্থিক প্রতিষ্ঠান থেকে ৭ বছরে পরিশোধযোগ্য আর্থিক সহায়তা গ্রহণ করে। অন্যান্য সহায়তার জন্য সে স্থানীয় বেসরকারি প্রতিষ্ঠানের শরণাপন্ন হয়।

ক. স্বল্পমেয়াদি অর্থায়নের প্রধান উৎস কী? ১

খ. অবণ্টিত মুনাফা কী? ব্যাখ্যা করো। ২

গ. চম্পা কোন ধরনের অর্থায়ন উৎস থেকে আর্থিক সহায়তা গ্রহণ করে? বর্ণনা করো। ৩

ঘ. চম্পার মতো উদ্যোক্তাদের স্বনির্ভর করার ক্ষেত্রে বেসরকারি প্রতিষ্ঠানগুলোর ভূমিকা মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

৩. ▶

| বছর | ২০১০ | ২০১১ | ২০১১ | ২০১২ |
|---|---|---|---|---|
| 'নীলগিরি' প্রকল্পের আয় হার | ২০% | ৬% | ১৫% | ২৩% |
| 'নীলাচল' প্রকল্পের আয় হার | ৫% | ১৫% | ২০% | ২৪% |

ক. প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকে কী বলে? ১

খ. বন্ড-এ বিনিয়োগকারীদের কিসের ঝুঁকি বহন করতে হয়? ব্যাখ্যা করো। ২

গ. নীলগিরি প্রকল্পের আদর্শ বিচ্যুতি নিরূপণ করো। ৩

ঘ. প্রকল্প দুটির মধ্যে কোনটি অধিকতর গ্রহণযোগ্য? যুক্তি দেখাও। ৪

৪. ▶ মিসেস রোদষী একটি পণ্য উৎপাদনকারী কোম্পানির একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি প্রথমে কোম্পানির তহবিল সংগ্রহের জন্য শেয়ার বিক্রয়ের ব্যবস্থা করেন। দ্বিতীয়তঃ কোম্পানির পণ্য উৎপাদনের সহায়তার জন্য একটি কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত নেন।

ক. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? ১

খ. ব্যবসায়ের মূল চালিকাশক্তি কী? ব্যাখ্যা করো। ২

গ. মিসেস রোদষীর প্রথম সিদ্ধান্তটি কোন ধরনের? বর্ণনা করো। ৩

ঘ. মিসেস রোদষীর কোম্পানির জন্য দ্বিতীয় সিদ্ধান্তটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৫. ▶ আমিন ট্রেডার্স ৪,০০,০০০ টাকা দীর্ঘমেয়াদি প্রকল্পে বিনিয়োগ করার কথা ভাবছেন। এমতাবস্থায় তিনি 'শৈলী' ও 'শোভা' নামক দুটি প্রকল্পের পাঁচ বছরের আয়-ব্যয় প্রাক্কলন করে নিচের তথ্যাদি পান :

| প্রকল্প | নগদ প্রবাহ (টাকা) | | | | |
|---|---|---|---|---|---|
| | ২০১৫ | ২০১৬ | ২০১৭ | ২০১৮ | ২০১৯ |
| শৈলী | ১,৫৫,০০০ | ১,৭০,০০০ | ১,০০,০০০ | ১,৫০,০০০ | ১,৬৫,০০০ |
| শোভা | ১,৩৫,০০০ | ২,০০,০০০ | ১,৩০,০০০ | ১,৫০,০০০ | ১,২০,০০০ |

Teachingbd24.com

ক. কী থেকে প্রতিষ্ঠানে নগদ আন্তঃপ্রবাহ ঘটে? ১

খ. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কী? ব্যাখ্যা করো। ২

গ. আমিন ট্রেডার্স-এর 'শৈলী' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩

ঘ. দীর্ঘমেয়াদি বিনিয়োগের জন্য 'আমিন ট্রেডার্স'-এর কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

## ব্যাংকিং অংশ

৬. ▶ জনাব হাসান একজন আমদানিকারক। তিনি তাঁর এলাকায় 'মেঘলা' ব্যাংকের সহায়তায় সহজেই ব্যবসায়িক কার্য পরিচালনা করেন। দেশের বিভিন্ন অঞ্চলে এ ব্যাংকের শাখা রয়েছে, যেখানে প্রচুর লোক কর্মরত। ব্যাংকটি জনাব হাসানের মতো ব্যবসায়ীদের প্রতিনিধি হিসেবে বিভিন্নভাবে সহায়তা প্রদান করে।

ক. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কী? ১

খ. আন্তর্জাতিক বাণিজ্যে আমদানিকারকদের পক্ষে ব্যাংক কী ইস্যু করে? ব্যাখ্যা করো। ২

গ. 'মেঘলা ব্যাংক' জনাব হাসানকে কোন ধরনের সহায়তা প্রদান করে? বর্ণনা করো। ৩

ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে 'মেঘলা ব্যাংক' এর শাখাগুলোর ভূমিকা মূল্যায়ন করো। ৪

৭. ▶ বিদেশ ফেরত মি. সুজিত তাঁর সঞ্চিত অর্থ বিনিয়োগ করার উদ্দেশ্যে চট্টগ্রামের একটি বড় ব্যাংকে গিয়ে একজন কর্মকর্তার পরামর্শ চাইলেন। কিন্তু কর্মকর্তা তাঁকে জানালেন, উক্ত ব্যাংক দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য সরকারকে পরামর্শ দিয়ে থাকে। তিনি মি. সুজিতকে পার্শ্ববর্তী সাজ্জু ব্যাংকে যোগাযোগ করে তাঁর জন্য উপযোগী ব্যাংক হিসাব খোলার পরামর্শ দেন।

ক. ব্যাংক কী? ১

https://teachingbd24.com

খ. দ্রব্যের পরিবর্তে দ্রব্যের আদান-প্রদানকে কী বলে? ব্যাখ্যা করো। ২

গ. মি. সুজিত কোন ধরনের ব্যাংকে গিয়েছিলেন? বর্ণনা করো। ৩

ঘ. মি. সুজিতের জন্য ব্যাংক কর্মকর্তার পরামর্শ গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**৮.** ▶ 'মণি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র'-এর মালিক পাপন, ব্যবসায় পরিচালনার জন্য নিকটস্থ একটি ব্যাংকে ব্যাংক হিসাব খোলেন। উক্ত হিসাবে তিনি প্রতিদিন কয়েকবার অর্থ জমা দেন কিন্তু সপ্তাহে দুবারের বেশি অর্থ উত্তোলন করেন না। পরবর্তীতে পাপন ই-ব্যাংকিং এর সুবিধা গ্রহণের ব্যবস্থা নেন।

ক. ATM-এর পূর্ণরূপ কী? ১

খ. সুদবিহীন ব্যাংক হিসাবটি ব্যাখ্যা করো। ২

গ. পাপন নিকটস্থ ব্যাংকে কোন ধরনের ব্যাংক হিসাব খোলেন? বর্ণনা করো। ৩

ঘ. পাপনের ই-ব্যাংকিং সেবা গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**৯.** ▶ মি. সুজয় একজন চাকরিজীবী। তিনি তাঁর ছেলেকে একটি চেক দিয়ে ব্যাংকে পাঠিয়ে ১০,০০০ টাকা উত্তোলন করেন। তিনি টাকাগুলো গুণে ৫০০ টাকার একটি নোট বেশি দেখতে পান। তখন মি. সুজয় ব্যাংকে গিয়ে ম্যানেজারের সাথে দেখা করে ৫০০ টাকা ফেরত দিয়ে আসেন।

ক. দেশের নোট ও মুদ্রা প্রচলনের ক্ষমতাপ্রাপ্ত একমাত্র প্রতিষ্ঠান কোনটি? ১

খ. চেকে দাগ কাটা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. মি. সুজয় তাঁর ছেলেকে কী ধরনের চেক দিয়েছেন? বর্ণনা করো। ৩

ঘ. গ্রাহক হিসেবে ব্যাংকের প্রতি মি. সুজয়ের দায়িত্ব মূল্যায়ন করো। ৪

Teachingbd24.com

# ফিন্যান্স ও ব্যাংকিং

সময়— ৪০ মিনিট    পূর্ণমান— ৪০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৫ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১ **কোন প্রাচীন ভাষা থেকে ব্যাংক শব্দের উৎপত্তি?**
ক গ্রীক   খ ল্যাটিন
গ ফরাসী   ঘ জার্মান

২ **বাণিজ্যিক ব্যাংকের মূলধনের একটি গুরুত্বপূর্ণ বাহ্যিক উৎস কোনটি?**
ক আমানত   খ পরিশোধিত মূলধন
গ সংরক্ষিত তহবিল   ঘ লকার ভাড়া

৩. **ডিবেঞ্চারে বিনিয়োগকারীরা কোন ঝুঁকি মোকাবেলা করে?**
ক ব্যবসায়িক ঝুঁকি   খ আর্থিক ঝুঁকি
গ সুদের হারের ঝুঁকি   ঘ তারল্য ঝুঁকি

৪. **ব্যাংক ব্যবসার অপরিহার্য নীতি কোনটি?**
ক নিরাপত্তার নীতি   খ মুনাফার নীতি
গ তারল্য নীতি   ঘ দক্ষতার নীতি

৫. **মূলধন বাজেটিং প্রক্রিয়ায় জড়িত ধাপ—**
ক বাট্টার হার নির্ধারণ
খ মুনাফার হার নির্ধারণ
গ ঝুঁকির হার নির্ধারণ
ঘ সুদের হার নির্ধারণ

৬. **কোম্পানি সংবাদপত্রের মাধ্যমে বিবরণপত্র ছাপিয়ে কোনটি ক্রয়ের আহ্বান জানায়?**
ক বন্ড   খ ডিবেঞ্চার
গ বাণিজ্যিক পত্র   ঘ শেয়ার

**উদ্দীপকটি পড়ো এবং ৭ নং প্রশ্নের উত্তর দাও।**

শাওন তার বৃত্তির প্রাপ্ত ১,০০০ টাকা ১০% বার্ষিক চক্রবৃদ্ধি সুদে ব্যাংকে জমা রাখে। ২ বছর পর সে সুদসহ জমাকৃত অর্থ তুলে নেয়।

৭. **শাওন কত টাকা পেল?**
ক ১,১০০ টাকা   খ ১,২০০ টাকা
গ ১,২১০ টাকা   ঘ ১,২২০ টাকা

৮. **গড় মুনাফার হার নির্ণয়ের সূত্র কোনটি?**
ক $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$   খ $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$
গ $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{মোট বিনিয়োগ}}$   ঘ $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{মোট বিনিয়োগ}}$

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**

বিহঙ্গ এন্টারপ্রাইজ একটি প্রকল্পে ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করে যা থেকে আগামী ৫ বছরে নগদ প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা পে-ব্যাক সময় পদ্ধতিতে প্রকল্পটির মূলধন বাজেটিং করা হয়।

৯. **প্রকল্পটির পে-ব্যাক সময় কত?**
ক ৩ বছর   খ ৩ বছর ৬ মাস
গ ৪ বছর ৬ মাস   ঘ ৫ বছর

১০. **প্রকল্পটির মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচনের সীমাবদ্ধতা হলো—**
i. সবকটি বছরের নগদ প্রবাহ গণনা করা হয়নি
ii. বিনিয়োগকৃত টাকার সময়মূল্য বিবেচিত হয়নি
iii. লাভের কোনো নির্দিষ্ট হার নেই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১১. **বিনিয়োগকারীদের জন্য ঝুঁকিপূর্ণ বিনিয়োগ কোনটি?**
ক বন্ড ক্রয়   খ ঋণপত্র ক্রয়
গ অগ্রাধিকার শেয়ার ক্রয়   ঘ সাধারণ শেয়ার ক্রয়

১২. **কোনটিকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয়?**
ক বিনিয়োগ বিলকে   খ চেককে
গ মুদ্রাকে   ঘ ব্যাংক ড্রাফটকে

১৩. **x কোম্পানির ১০০ টাকা লিখিত মূল্যের শেয়ারের বাজারমূল্য ১৫০ টাকা। শেয়ারের প্রত্যাশিত লভ্যাংশ ১৫% হলে মূলধন ব্যয় কত?**
ক ৮%   খ ১০%
গ ১২%   ঘ ১৫%

১৪. **অর্থায়ন ব্যবস্থার নীতিমালা—**
i. তারল্য বনাম মুনাফা নীতি
ii. উপযুক্ততার নীতি
iii. কারবারে বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বন্টন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**

অরিন নিজস্ব অর্থায়নে আরোগ্য নিকেতন নামে একটি নার্সিং হোম প্রতিষ্ঠা করেন।

১৫. **অরিন মূলধন বাজেটিং এ কোন সিদ্ধান্ত নেবেন?**
ক ঔষধ ক্রয়   খ প্যাড তৈরি
গ মূল্য নির্ধারণ   ঘ এক্সরে মেশিন ক্রয়

১৬. **কোন ব্যাংক হিসাব থেকে সবচেয়ে বেশি হারে সুদ পাওয়া যায়?**
ক চলতি হিসাব   খ সঞ্চয়ী হিসাব
গ বিমা সঞ্চয়ী হিসাব   ঘ স্থায়ী হিসাব

১৭. **মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচন করতে হয়—**
i. নগদ প্রবাহ প্রাক্কলনের পর
ii. বাট্টা হার নির্ধারণের পর
iii. বহিঃপ্রবাহ নির্ধারণের পর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১৮. **সরকারের প্রেক্ষাপটে ব্যাংকের উদ্দেশ্য কোনটি?**
ক দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখা
খ জীবনযাত্রার মানোন্নয়ন
গ সামাজিক অবদান
ঘ উপদেষ্টা ও পরামর্শদাতা

Teachingbd24.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।**

আবদুল্লাহ একজন বস্ত্র ব্যবসায়ী। তিনি ব্যাংক হিসাবের মাধ্যমে দেনা-পাওনা নিষ্পত্তি করেন। কিন্তু পাওনাদারের চাহিদামাফিক টাকা তুলতে না পারায় মুন্নার পরামর্শে অন্য একটি হিসাব খোলার সিদ্ধান্ত নেন।

**১৯. আবদুল্লাহর বর্তমান ব্যাংক হিসাবটি কোন ধরনের?**
ⓚ সঞ্চয়ী হিসাব ⓚ চলতি হিসাব
ⓖ মেয়াদী হিসাব
ⓖ ডিপোজিট পেনশন স্কিম

**২০. আবদুল্লাহর জন্য উপযোগী ব্যাংক হিসাব কোনটি?**
ⓚ চলতি হিসাব ⓚ সঞ্চয়ী হিসাব
ⓖ স্থায়ী হিসাব ⓖ ঋণ আমানত হিসাব

**২১. যন্ত্রপাতি ক্রয়ে ঋণ দিয়ে থাকে কোন ব্যাংক?**
ⓚ বাণিজ্যিক ব্যাংক ⓚ ভোক্তাদের ব্যাংক
ⓖ শ্রমিক ব্যাংক ⓖ সঞ্চয়ী ব্যাংক

**২২. গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব হলো—**
ⓚ সততার পরিচয় ⓚ নির্দেশ প্রদান
ⓖ ঋণ পরিশোধ ⓖ হিসাবের গোপনীয়তা

**২৩. ব্যাংক কোন জাতীয় ব্যাংকিং পণ্যের মাধ্যমে ব্যবসায়িক লেনদেন সম্পন্ন করে?**
ⓚ জমা রশিদ ⓚ পোস্টাল অর্ডার
ⓖ ব্যাংক ড্রাফট ⓖ পাস বই

**২৪. দীর্ঘমেয়াদি অর্থায়নের অভিনব পদ্ধতি কী?**
ⓚ ঋণ ⓚ লিজিং
ⓖ ঋণপত্র ⓖ বন্ড

**২৫. কোনটি বাণিজ্যিক ব্যাংকের পরোক্ষ উদ্দেশ্য?**
ⓚ কর্মসংস্থান সৃষ্টি ⓚ জনকল্যাণ
ⓖ সম্পদের সুষম বণ্টন ⓖ বিনিময়ের মাধ্যম

**২৬. কোন ব্যাংক LC প্রদান করে?**
ⓚ বাণিজ্যিক ব্যাংক ⓚ কেন্দ্রীয় ব্যাংক
ⓖ শিল্প ব্যাংক ⓖ কৃষি ব্যাংক

**২৭. মূলধন বাজেটিং এর পদ্ধতি কয়টি?**
ⓚ দুইটি ⓚ তিনটি
ⓖ চারটি ⓖ পাঁচটি

**২৮. কোনটি বাংলাদেশের মুদ্রাবাজারের অভিভাবক?**
ⓚ সোনালী ব্যাংক ⓚ জনতা ব্যাংক
ⓖ বাংলাদেশ ব্যাংক ⓖ অগ্রণী ব্যাংক

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব হাসান ও তাঁর তিন বন্ধু ব্যবসায়ীদের চাহিদা ও সুবিধার কথা বিবেচনা করে নতুন একটি ব্যাংক প্রতিষ্ঠা করতে চান। এ ব্যাপারে তাঁরা প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে প্রজন্ম ব্যাংক নামে একটি আর্থিক প্রতিষ্ঠান গড়ে তুললেন। উদ্যোক্তারা এখন মূলধন বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছেন।

**২৯. প্রজন্ম ব্যাংক প্রতিষ্ঠার জন্য কার অনুমতি নিয়েছেন?**
ⓚ সরকারের ⓚ সোনালী ব্যাংকের
ⓖ শিল্প ব্যাংকের ⓖ বাংলাদেশ ব্যাংকের

**৩০. প্রজন্ম ব্যাংক সিদ্ধান্তটি বাস্তবায়ন করতে পারে—**
i. আমানত সৃষ্টির মাধ্যমে
ii. কেন্দ্রীয় ব্যাংক থেকে ঋণ নিয়ে
iii. ব্যবসায়ীদের ঋণ প্রদান করে

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩১. অর্থায়ন কী নিয়ে কাজ করে?**
ⓚ বিনিময় ব্যবস্থাপনা ⓚ তহবিল ব্যবস্থাপনা
ⓖ মূলধন ব্যবস্থাপনা ⓖ মুনাফা ব্যবস্থাপনা

**৩২. বাণিজ্যিকপত্র অর্থায়নের কোন জাতীয় উৎস?**
ⓚ স্বল্পমেয়াদি ⓚ মধ্যমেয়াদী
ⓖ দীর্ঘমেয়াদি ⓖ অভ্যন্তরীণ

**৩৩. বিশ্বব্যাংক কোন জাতীয় অর্থায়নের সাথে জড়িত?**
ⓚ অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন
ⓚ পারিবারিক অর্থায়ন
ⓖ সরকারি অর্থায়ন
ⓖ আন্তর্জাতিক অর্থায়ন

**৩৪. বছরে চক্রবৃদ্ধির সংখ্যাকে কোন প্রতীক দ্বারা প্রকাশ করা হয়?**
ⓚ i ⓚ n
ⓖ m ⓖ r

**উদ্দীপকটি পড়ো এবং ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।**

পান্না বেকারির মালিক ক্রেতাদের নিকট থেকে বেশ কিছু বিল পান। টাকার প্রয়োজনে তিনি বিলগুলো বাট্টাকরণ করেন।

**৩৫. পান্না বেকারির নিকট বিলগুলোর—**
ⓚ প্রদত্ত বিল ⓚ প্রাপ্য বিল
ⓖ প্রদেয় বিল ⓖ প্রাপ্ত বিল

**৩৬. ব্যবসায় প্রতিষ্ঠানের মূল লক্ষ্য কী?**
ⓚ সাফল্য অর্জন ⓚ সুনাম অর্জন
ⓖ সম্পদ অর্জন ⓖ মুনাফা অর্জন

**৩৭. প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনার বিভিন্ন সিদ্ধান্তে কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে?**
ⓚ অবচয় ⓚ মূলধন আয়
ⓖ মুনাফা খরচ ⓖ মূলধন খরচ

**৩৮. কেন্দ্রীয় ব্যাংকের মুদ্রাবাজার নিয়ন্ত্রণে সাহায্য করে—**
ⓚ বিনিয়োগ ব্যাংক ⓚ শিল্প ব্যাংক
ⓖ সমবায় ব্যাংক ⓖ বাণিজ্যিক ব্যাংক

**উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।**

সিলভা লিঃ ১০ কোটি টাকার শেয়ার বিক্রি করে। প্রতিটি শেয়ারের মূল্য ২০০ টাকা হওয়ায় সব শ্রেণির মানুষ শেয়ার ক্রয় করতে পারে।

**৩৯. সিলভা লিমিটেড কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান?**
ⓚ সমবায় সংগঠন ⓚ অংশীদারি সংগঠন
ⓖ পাবলিক কোম্পানি ⓖ প্রাইভেট কোম্পানি

**৪০. সিলভা লিমিটেড কোম্পানির শেয়ার হোল্ডাররা পেতে পারে—**
ⓚ সুদ ⓚ কমিশন
ⓖ বোনাস ⓖ লভ্যাংশ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ক | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | গ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | ঘ |

Teachingbd24.com